

৫১৮৪ মাধ্যমিক স্কুলে প্রধান শিক্ষক পদ শূন্য



ছবি: ফাইল

সমকাল প্রতিবেদক

প্রকাশ: ২৭ জুন ২০২৪ | ০৪:২৪



দেশে ৫ হাজার ১৮৪টি মাধ্যমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষকের পদ শূন্য রয়েছে বলে সংসদকে জানিয়েছেন শিক্ষামন্ত্রী মহিবুল হাসান চৌধুরী। গতকাল বুধবার সংসদের বৈঠকে প্রশ্নোত্তরে স্বতন্ত্র সদস্য নাসের শাহরিয়ার জাহেদীর প্রশ্নের জবাবে এ তথ্য জানান মন্ত্রী। তিনি উল্লেখ করেন, দেশে বর্তমানে মাধ্যমিক বিদ্যালয় আছে ১৮ হাজার ৯৬৮টি।

স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সভাপতিত্বে সংসদের বৈঠক শুরু হলে প্রশ্নোত্তর টেবিলে উপস্থাপিত হয়। স্বতন্ত্র সদস্য মোসা. তাহমিনা বেগমের প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী জানান, এই মুহূর্তে বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানে এমপিওভুক্ত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিকসহ সব শিক্ষকের অবসর গ্রহণের ছয় মাসের মধ্যে অবসর ভাতা প্রদান করা সম্ভব নয়। বেসরকারি শিক্ষকদের অবসর ভাতা ও কল্যাণ ভাতা প্রাপ্তির বিলম্বের সমস্যা সমাধানে সরকার আন্তরিক রয়েছে উল্লেখ করে শিক্ষামন্ত্রী জানান, এ খাতে পর্যাপ্ত অর্থ সংস্থান না থাকায় মূলত বেশি সময় লাগছে এবং সমস্যা তৈরি হচ্ছে।

UNIBOTS

অনির্পন্ন আবেদনের সংখ্যা বিবেচনায় ২০২৪-২৫ অর্থবছরের বাজেটে বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠান ও কর্মচারী অবসর সুবিধা বোর্ডের অনুকূলে ৩০১ কোটি ৭৫ লাখ টাকা বরাদ্দের প্রস্তাব করা হয়েছে। স্বতন্ত্র সংসদ সদস্য মোহাম্মদ হুছামুদ্দীন চৌধুরীর প্রশ্নের জবাবে মহিবুল হাসান চৌধুরী বলেন, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের আওতাধীন এমপিওভুক্ত মাদ্রাসা রয়েছে ৮ হাজার ৩১৪টি, মাদ্রাসা শিক্ষা বোর্ড

অনুমোদিত মাদ্রাসার সংখ্যা ১৬ হাজার ১৭৯, স্বতন্ত্র ইবতেদায়ি মাদ্রাসা আছে ৬ হাজার ৮৮৯টি, দাখিল ও আলিম মাদ্রাসার সংখ্যা ৯ হাজার ২৯০, এমপিওভুক্ত দাখিল মাদ্রাসা ৮ হাজার ২২৯টি, এমপিওভুক্ত আলিম মাদ্রাসা ৮৫টি।

ঢাকা-৮ আসনের আ ফ ম বাহাউদ্দিনের প্রশ্নের জবাবে সমাজকল্যাণ মন্ত্রী ডা. দীপু মনি জানান, বিদ্যমান শিশু সদন থেকে এ পর্যন্ত ৬৯ হাজার ৯৭২ শিশুকে সমাজের মূল স্রোতধারায় ফিরিয়ে আনা সম্ভব হয়েছে।

কিশোরগঞ্জ-৫ আসনের সংসদ সদস্য আফজাল হোসেনের প্রশ্নের জবাবে বিজ্ঞান ও প্রযুক্তিমন্ত্রী স্থপতি ইয়াফেস ওসমান বলেন, সেন্টমার্টিন দ্বীপ থেকে ভোলা পর্যন্ত প্রায় ১০ হাজার বর্গকিলোমিটার সমুদ্র অঞ্চলের ভৌত, রাসায়নিক, সামুদ্রিক পরিবেশ ও ভূতাত্ত্বিক গবেষণা সম্পন্ন হয়েছে।

সেন্টমার্টিন দ্বীপে ৬০ প্রজাতির সামুদ্রিক প্রবাল চিহ্নিত করা হয়েছে। এগুলো মাছের ডিম পাড়া ও বসবাসের ক্ষেত্র হিসেবে কাজ করে। এ ছাড়া সেন্টমার্টিন দ্বীপে জন্মানো ১৪৭ ধরনের সি-উইড বা সামুদ্রিক শৈবালের প্রজাতি চিহ্নিত করা হয়েছে।